

ঠাকুরগাঁয় বিশ্ববিদ্যালয় স্থাপন দাবি আন্দোলন দানা বাধছে

ঠাকুরগাঁ থেকে নিজস্ব সুবাদদাতা ঠাকুরগাঁয়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন এবং দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার দাবিতে ঠাকুরগাঁবাসী আন্দোলনে নেমেছে। বিশ্ববিদ্যালয় নেই এমন ১২টি জেলায় বিশ্ববিদ্যালয় স্থাপনের সরকারি সিদ্ধান্তে আশাবাদী ঠাকুরগাঁবাসী তাদের আন্দোলনকে আরো জোরদার করার প্রত্যয় ঘোষণা করেছে।

ঠাকুরগাঁয়ে প্রায় প্রতিদিনই মিছিল, সমাবেশ, ধর্মঘট, অনশন ও মানবকনসার্ট আন্দোলনের 'কোন' না 'কোন' কর্মসূচি পালিত হচ্ছে। জেলা শহর ছাড়াও বিভিন্ন থানা সদর ও জেলার প্রধান প্রধান হাটবাজার ছেয়ে গেছে দাবি সংবলিত পোস্টার ও ব্যানারে। বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ঠাকুরগাঁয়ে স্থাপনের দাবিটি এ মুহূর্তে ঠাকুরগাঁ ও পঞ্চগড় জেলার ২২ লাখ অধিবাসীর প্রাণের দাবিতে পরিণত হয়েছে। জনমত নির্বিশেষে সকল স্তরের সকল পেশার মানুষ এ আন্দোলনের সঙ্গে একা-

ত্রতা প্রকাশ করে হয়ে উঠেছে সোচ্চার। চাইছে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে সমৃদ্ধ ও আলোকিত জীবনে প্রবেশাধিকারের আকাঙ্ক্ষাকে বাস্তবায়িত করতে।

আন্দোলনের নেতৃবৃন্দ জানিয়েছেন, কোন রাজনৈতিক উদ্দেশ্যে হাঙ্গামা বরং প্রত্যন্ত এলাকার অনগ্রসরতা দূর করার জন্য শিক্ষার সংগ্রামকে জোরদার করা এবং উন্নয়নকে নিশ্চিত করাই এই আন্দোলনের লক্ষ্য।

বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন পরিষদের আন্দোলনের সঙ্গে আওয়ামী লীগ, সিপিবি, ন্যাপ, জাসদ, বিএনপি, জাতীয় পার্টি, ওয়ার্কার্স পার্টিসহ বিভিন্ন রাজনৈতিক দলের স্থানীয় নেতাকর্মী সকলেই এর সঙ্গে যুক্ত হয়ে পড়েছেন।

এছাড়া এই দুই জেলার ছাত্র-যুবক, শিক্ষক-কর্মচারী এবং বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন ও পেশাজীবী সংগঠনের সদস্যসহ সকল স্তরের জনসাধারণ এ আন্দোলনে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করছেন।

7071727374757677787980